গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ।
www.dowarabazar.sunamganj.gov.bd |

DA
ডিঃ ০৫/০২/২৪

## ১৪৩১ বাংলা সনে হাট-বাজারসমূহের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি নং -০১/২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০৪১. ০৩০.০২. ০০. ০০২. ২০১১.৮৭০ তারিখ- ০৬ আশ্বিন, ১৪১৮ বাংলা, ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রিঃ মোতাবেক দোয়ারাবাজার উপজেলার নিম্ন বর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের জন্য ০১ (এক) বছর মেয়াদে (১লা বৈশাখ,১৪৩১ বাংলা হতে ৩০ শে চৈত্র, ১৪৩১ বাংলা সন পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত সিডিউলে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সীলমোহরকৃত দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে নিম্ন বর্ণিত ইজারা দিনপঞ্জি মোতাবেক বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েব পোর্টাল www.dowarabazar.sunamganj.gov.bd তে পাওয়া যাবে।১ম তারিখে কোন হাট বাজার কাংখিত মুল্য পাওয়া না গেলে হাট-বাজারসমূহ ইজারা কার্যক্রমের ধারাবাহিকতায় নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

### হাট-বাজারের তালিকাঃ

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ইউনিয়নের নাম | স্থানীয় সরকার বিভাগ প্রশাসন-২ শাখার তাং ২০/০২/২০১৮ খ্রিঃ তারিখের ৯৩ নং স্মারকে ৬% বর্ধিত হারে কাঙ্খিত সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | আমবাড়ী বাজার | মান্নারগাঁও | ৪০,৪৩,৭২৪/- | ৮,৮০০/- | |
| ২ | কাটাখালী বাজার | মান্নারগাঁও | ২৩৯৫৬/- | ৫০০/- | |
| ৩ | শ্যামল বাজার | মান্নারগাঁও | ৪১,৮৩৯/- | ৫০০/- | |
| ৪ | মঙ্গলপুর বাজার | পান্ডারগাঁও | ১৮,৪২৭/- | ৫০০/- | |
| ৫ | শ্রীপুর বাজার | পান্ডারগাঁও | ৬,৭৩,২৭৭/- | ২,০০০/- | |
| ৬ | বিয়ানী বাজার | দোহালিয়া | ৩৪,৯৮০/- | ৫০০/- | |
| ৭ | ভবানীপুর বাজার | দোহালিয়া | ২৯,৩৯৮/- | ৫০০/- | |
| ৮ | বঙ্গবন্ধু বাজার | দোহালিয়া | ৩৬,৭৪৭/- | ৫০০/- | |
| ৯ | দোহালিয়া বাজার | দোহালিয়া | ১৩,২১,৯৯৭/- | ৩,৪০০/- | |
| ১০ | টেংরা বাজার | সুরমা | ২৭,২০৭/- | ৫০০/- | |
| ১১ | মহব্বতপুর বাজার | সুরমা | ৯০,৬২২/- | ৫০০/- | |
| ১২ | লিয়াকতগঞ্জ বাজার | লক্ষীপুর | ২৯,৯৬,৬২০/- | ৬,৬০০/- | |
| ১৩ | এরুয়াখাই বাজার | লক্ষীপুর | ৩৩,৮১৪/- | ৫০০/- | |
| ১৪ | বোগলাবাজার | বোগলা | ৫৮,৯৮,৯০০/- | ১২,৪০০/- | |
| ১৫ | আম্বিরনগর বাজার | বোগলা | ৫,২৪২/- | ৫০০/- | |
| ১৬ | বাংলা বাজার | বাংলাবাজার | ৫৪,৪৬,৬৩৫/- | ১১,৬০০/- | |
| ১৭ | হকনগর বাজার | বাংলাবাজার | ৮,৯০৪/- | ৫০০/- | |
| ১৮ | কলাউড়া বাজার | বাংলাবাজার | ৭,৪৯২/- | ৫০০/- | |
| ১৯ | নাছিমপুর বাজার | নরসিংপুর | ১৪,১৫,১০০/- | ৩,৬০০/- | |
| ২০ | নরসিংপুর বাজার | নরসিংপুর | ৯,৯০,৩৯৪/- | ২,৬০০/- | |
| ২১ | চাইরগাঁও বাজার | নরসিংপুর | ৭২,৫৫৭/- | ৫০০/- | |
| ২২ | বালিউড়া বাজার | নরসিংপুর | ২৬,৮৬,৩৯৫/- | ৬০০০/- | |
| ২৩ | দোয়ারাবাজার | দোয়ারাবাজার সদর | ১,৪৬,৮৩২/- | ১,০০০/- | |
| ২৪ | টেবলাই বাজার | দোয়ারাবাজার সদর | ১৬,২৭১/- | ৫০০/- | |

চলমান পাতা – ০২

ইজারা সংক্রান্ত দিনপঞ্জিকাঃ

(ইজারা চূড়ান্ত না হওয়া পর্যন্ত কার্যক্রম পর্যায়ক্রমে চলবে এবং নিম্নবর্ণিত পঞ্জিকায় কোন ধার্য তারিখ সরকারী বন্ধ হলে তা পরবর্তী কার্যদিবসে সম্পন্ন করা হবে)

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় (অফিসচলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র খোলার তারিখ ও সময় (বিকাল ৩.০০ ঘটিকা) | |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৪/০২/২০২৪ খ্রিঃ | ১৫/০২/২০২৪ খ্রিঃ | ১৫/০২/২০২৪ খ্রিঃ | |
| ২য় পর্যায় | ২৭/০২/২০২৪ খ্রিঃ | ২৮/০২/২০২৪ খ্রিঃ | ২৮/০২/২০২৪ খ্রিঃ | |
| ৩য় পর্যায় | ০৫/০৩/২০২৪ খ্রিঃ | ০৬/০৩/২০২৪ খ্রিঃ | ০৬/০৩/২০২৪ খ্রিঃ | |
| ৪র্থ পর্যায় | ২০/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | |
| ৫ম পর্যায় | ২৭/০৩/২০২৪ খ্রিঃ | ২৮/০৩/২০২৪ খ্রিঃ | ২৮/০৩/২০২৪ খ্রিঃ | |
| ৬ষ্ঠ পর্যায় | ০৩/০৪/২০২৪ খ্রিঃ | ০৪/০৪/২০২৪ খ্রিঃ | ০৪/০৪/২০২৪ খ্রিঃ | |
| ৭ম পর্যায় | ১৬/০৪/২০২৪ খ্রিঃ | ১৭/০৪/২০২৪ খ্রিঃ | ১৭/০৪/২০২৪ খ্রিঃ | |

হাট-বাজার ইজারার দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদ কালের জন্য ইজারা প্রদান করা হবে।
২. দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট বাজার পরিষ্কার-পরিচ্ছন্নতা না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যয়িত টাকা জমাকারীকে ফেরত দেওয়া হবে।
৩. যাদের দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার পর ৭ কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ কর হবে।
৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।
৮. প্রত্যেক হাট-বাজার জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব- লিজ দিতে পারিবেন না।
১০. ইজারার সমুদয় অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ দায়িত্বে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টর সংরক্ষণ করিবেন।
১৪. কোন প্রকার ঘষা মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।
১৬. হাট-বাজার ইজারার অনাদায়ী টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১.০১.২৪

(নেহের নিগার তনু)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
মোবাইলঃ০১৭৩০৩৩১০৮৮
ই-মেইল:unodoarabazar@mopa.gov.bd

CamScanner

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৪.০০২.২১- ৮৬ (১০০) তারিখ ঃ ২৯ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও উন্নয়ন), ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে

৯. উপজেলা নির্বাহী অফিসার.............................................................. (সকল), সুনামগঞ্জ।
১০. সহকারী কমিশনার(ভূমি), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১১. অফিসার ইন চার্জ, দোয়ারাবাজার থানা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১২. সাব-রেজিস্টার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৩. চেয়ারম্যান, ........................................................ ইউ,পি(সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁর ইউনিয়নের গ্রাম পুলিশের মাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দোয়ারাবাজার শাখা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, দোয়ারাবাজার সদর/লক্ষীপুর/মঙ্গলপুর তহশিল অফিস, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি যথাযথভাবে স্থানীয় বাজারসমূহে মাইকিং/ঢোল পিটিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো.
১৬. সভাপতি/সম্পাদক..........................................................বাজার কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
১৭. সম্পাদক, দৈনিক .....................................................তাঁকে বিজ্ঞপ্তিটির মুল অংশ সংক্ষিপ্ত আকারে তাঁর পত্রিকার ভেতরের পাতায় নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে ০১(এক) দিন শুধুমাত্র ০১(এক) বার প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০৩(তিন) কপি এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮. উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি অদ্যই এ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য বলা হলো।
১৯. জনাব ........................................................................................ দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
২০. নোটিশ বোর্ড।
২১. অফিস কপি।

২৯।০১।২৪
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।